দৈনিক বাংলা

১৪

তারিখ ... 2 5 AUG 1996
পৃষ্ঠা ৭২ কলাম ৬

# গাজীপুরকে সম্পূর্ণ নিরক্ষরমুক্ত করা হবে ঃ পূর্ত প্রতিমন্ত্রী

গাজীপুর, ২৩ আগস্ট। - গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী আফছার উদ্দিন আহমদ খান বলেন, আগামী দু'হাজার সালের মধ্যে সম্পূর্ণ গাজীপুর জেলাকে নিরক্ষর-মুক্ত করা হবে। প্রতিমন্ত্রী আজ গাজীপুর জেলা সদরে জেলার স্বেচ্ছাসেবী সংস্থা-সমূহের উদ্যোগে স্থানীয় প্রশাসন ও সমাজসেবা অধিদফতরের সহযোগিতায় 'নিরক্ষরমুক্ত গাজীপুর' শীর্ষক দিনব্যাপী এক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। খবর তথ্য বিবরণীর।

গাজীপুরের জেলা প্রশাসকের সভা-পতিত্বে এ কর্মশালায় অন্যান্যের মধ্যে গাজীপুর পৌরসভার চেয়ারম্যান আ ক ম মোজাম্মেল হক, টংগী পৌরসভার চেয়ারম্যান আজমত উল্লাহ খান এবং দি হাংগার প্রজেক্টের কান্ট্রি ডিরেক্টর অধ্যাপক বদিউল আলম মজুমদার বক্তৃতা করেন। প্রতিমন্ত্রী বলেন, কেবল-মাত্র সরকার বা এনজিওদের একক প্রচেষ্টায় নিরক্ষরতা দূর করা সম্ভব নয়। এ জন্য স্থানীয় উদ্যোগ একান্ত অপরিহার্য।

তিনি বলেন, বর্তমান সরকার গণমুখী উন্নয়ন কর্মসূচী হাতে নিয়েছে। দারিদ্র্য বিমোচনের সাথে শিক্ষা, স্বাস্থ্য ও মহিলা উন্নয়নের মাধ্যমে ২০০০ সালের চ্যালেঞ্জ মোকাবিলায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ। তিনি আগামী ১৬ ডিসে-ম্বরের মধ্যে প্রতিটি থানায় নিরক্ষরতার পরিসংখ্যান সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী কর্মীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, এ কর্মশালায় কালিয়াকৈর থানার ১০৫টি সংগঠনের ১৫৫ জন, শ্রীপুর থানার ৭৬টি সংগঠনের ১০৯ জন, কাপাসিয়া থানার ৯২টি সংগঠনের ৬৮ জন, কালিগঞ্জ থানার ৮৭টি সংগঠনের ৬৮ জন, গাজীপুর সদরের ১৪২টি সংগঠনের ২২৪ জনসহ মোট ৬২৪ জন প্রতিনিধি অংশ নেন।